

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৪৯. নিজের মুখ ও হাতকে কোন অকল্যাণমূলক ও অসৎ কাজে ব্যবহার করা

আস্ওয়াদ্ বিন্ আস্বরাম (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমি একদা রাসূল (সা.) কে বললাম: আমাকে কিছু উপদেশ দিন তখন তিনি বলেন: তুমি কি তোমার হাতের মালিক ? আমি বললাম: আমি যদি আমার নিজের হাতেরই মালিক না হই তা হলে আমি আর কিসেরই বা মালিক ? তিনি আরো বলেন: তুমি কি তোমার জিহবার মালিক ? আমি বললাম: আমি যদি আমার নিজের জিহবারই মালিক না হই তা হলে আমি আর কিসেরই বা মালিক ? তখন তিনি বললেন:

"তা হলে তুমি তোমার নিজের জিহবা দিয়ে ভালো কথা ছাড়া অন্য কিছু বলবে না। তেমনিভাবে তুমি তোমার নিজের হাতকে কল্যাণকর কাজ ছাড়া অন্য কিছুর দিকে সম্প্রসারিত করবে না"।[1]

>

ফুটনোট

[1] (ত্বাবারানী/কবীর, হাদীস ৮১৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11399

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন